

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৭৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৭৬]

পর্ব-১৬: গ্রহণ (সূর্য/চন্দ্র) (كتاب الكسوف)

পরিচ্ছেদঃ ১১: 'আয়িশাহ্ (রাঃ) থেকে আর এক প্রকার বর্ণনা

باب نَوْعُ آخَرُ مِنْهُ عَنْ عَائِشَةَ،

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، عَنْ ابْنِ وَهْبٍ، عَنْ عَمْرِو بْنِ الْحَارِثِ، عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ، أَنَّ عَمْرَةَ حَدَّثَتْهُ، أَنَّ عَائِشَةَ حَدَّثَتْهَا، أَنَّ يَهُودِيَّةً أَتَتْهَا، فَقَالَتْ: أَجَارَكَ اللَّهُ مِنْ عَذَابِ الْقَبْرِ، قَالَتْ عَائِشَةُ: يَا رَسُولَ اللَّهِ، إِنَّ النَّاسَ لَيُعَذَّبُونَ فِي الْقُبُورِ؟، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: عَائِذَا بِاللَّهِ، قَالَتْ عَائِشَةُ: إِنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ مَخْرَجًا فَخَسَفَتِ الشَّمْسُ فَخَرَجْنَا إِلَى الْحُجْرَةِ فَاجْتَمَعَ إِلَيْنَا نِسَاءٌ، وَأَقْبَلَ إِلَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَذَلِكَ ضَحْوَةً، فَقَامَ قِيَامًا طَوِيلًا ثُمَّ رَكَعَ رُكُوعًا طَوِيلًا، ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَقَامَ دُونَ الْقِيَامِ الْأَوَّلِ ثُمَّ رَكَعَ دُونَ رُكُوعِهِ، ثُمَّ سَجَدَ، ثُمَّ قَامَ الثَّانِيَةَ فَصَنَعَ مِثْلَ ذَلِكَ، إِلَّا أَنَّ رُكُوعَهُ وَقِيَامَهُ دُونَ الرَّكْعَةِ الْأُولَى، ثُمَّ سَجَدَ وَتَجَلَّتِ الشَّمْسُ، فَلَمَّا انْصَرَفَ قَعَدَ عَلَى الْمِنْبَرِ، فَقَالَ فِيمَا يَقُولُ: إِنَّ النَّاسَ يُفْتَنُونَ فِي قُبُورِهِمْ كَفِتْنَةِ الدَّجَالِ، قَالَتْ عَائِشَةُ: كُنَّا نَسْمَعُهُ بَعْدَ ذَلِكَ يَتَعَوَّذُ مِنْ عَذَابِ الْقَبْرِ.

تخريج دارالدعوة: صحيح البخارى/الكسوف ٧ (١٠٤٩)، ١٢ (١٠٥٥)، صحيح

مسلم/الكسوف ٢ (٩٠٣)، (تحفة الأشراف: ١٧٩٣٦)، موطا امام مالك/الكسوف ١

(٣)، مسند احمد ٦/٣٥، سنن الدارمى/الصلاة ١٨٧ (١٥٦٨، ١٥٧٣)، ويأتى عند

المؤلف برقم: ١٢٧٧، ١٥٠٠ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1476 - صحيح

১৪৭৫. মুহাম্মাদ ইবনু সালামাহ (রহ.) ... 'আমরাহ (রহ.) হতে বর্ণিত। 'আয়িশাহ্ (রাঃ) তার কাছে বর্ণনা করেছেন যে, এক ইয়াহুদী মহিলা তার কাছে এসে বলল, আল্লাহ তা'আলা আপনাকে কবরের আযাব থেকে রক্ষা করুন। আয়িশাহ্ (রাঃ) বললেন, হে আল্লাহর রসূল! মানুষদের কি কবরে 'আযাব দেয়া হবে? তখন রসূলুল্লাহ (সা.) বললেন, আমি তা থেকে আল্লাহর কাছে কায়মনোবাক্যে পানাহ চাচ্ছি। আয়িশাহ (রাঃ) বলেন যে, নবী (সা.) কিছুক্ষণের জন্যে বের হলেন, ইতোমধ্যে সূর্য গ্রহণ লাগলে আমরা হুজরা থেকে বের হয়ে গেলাম। এ সময় আমাদের পাশে অনেক মহিলা জমা হয়ে গেল এবং রসূলুল্লাহ (সা.) আমাদের কাছে ফিরে আসলেন। তখন ছিল সূর্যোদয়ের এবং দ্বিপ্রহরের মধ্যবর্তী সময়। তিনি সালাতে দীর্ঘক্ষণ দাঁড়ালেন। অতঃপর দীর্ঘ রুকু করলেন, তারপর তার মাথা উঠালেন ও দাড়িয়ে গেলেন পূর্ববর্তী দাঁড়ানো থেকে সংক্ষিপ্তভাবে। অতঃপর রুকু করলেন আগের রুকু'র থেকে সংক্ষিপ্ত। পরে সাজদাহ্ করলেন, অতঃপর দ্বিতীয় রাকআতে দাঁড়িয়ে গেলেন এবং অনুরূপই করলেন। কিন্তু দ্বিতীয় রাকআতের রুকু এবং দাঁড়ানো প্রথম রাকআতের রুকু এবং দাঁড়ানো থেকে সংক্ষিপ্ত ছিল। তারপর সাজদাহ্ করলেন এবং সূর্যও আলোকিত হয়ে গেল। যখন সালাত সমাপ্ত করলেন মিম্বারের উপর বসলেন এবং তাঁর খুৎবার মধ্যে বললেন যে, অবশ্যই মানুষ তাদের কবরে দাজ্জালের পরীক্ষার ন্যায় পরীক্ষার সম্মুখীন হবে। আয়িশাহ্ (রাঃ) বলেন, এরপর আমরা তাকে কবরের আযাব থেকে আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা করতে শুনতাম।

English

Another version narrated from Aishah

The Book of Eclipses

It was narrated from Yahya bin Sa'eed that : 'Amrah told him that Aishah told her that a Jewish woman came to her and said: May Allah protect you from the torment of the grave. Aishah said: O Messenger of Allah, will people be tormented in the graves? The Messenger of Allah (ﷺ) sought refuge with Allah. 'Aishah said: The Prophet (ﷺ) went out, and the sun became eclipsed. We went out to another room and the women gathered with us. The Messenger of Allah (ﷺ) came to us and that was at the time of forenoon. He stood for a long time, then he bowed for a long time, then he raises his head and stood for a shorter time than the first one; then he bowed for a shorter time than the first one. Then he prostrated, then he stood up for the second (rak'ah) and did the same again, except that his bowing and prostrating were shorter than in the first rak'ah. Then he prostrated, and the eclipse had ended. When he had finished, he sat on the minbar and one of the things he said was: 'The people will be tried in their graves like the trial of the Dajjal.' Aishah said: 'After that, we used to hear him seeking refuge with Allah (SWT) from the torment of the grave.

ফুটনোট

সহীহ: বুখারী ১০৪৯, ১০৫০ মুসলিম ৯০৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89971>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন